# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ২৩. পরপুরুষের লিঙ্গ ধরলে হাত কাটার বিধান

বাইবেল বলছে: ‘‘দু’জন লোক মারামারি করবার সময়ে যদি তাদের একজনের স্ত্রী তার স্বামীকে অন্য জনের হাত থেকে রক্ষা করবার উদ্দেশ্যে কাছে গিয়ে অন্য লোকটির পুরুষাঙ্গ চেপে ধরে তবে তোমরা সেই স্ত্রীলোকের হাত কেটে ফেলবে। তাকে তোমরা কোন দয়া দেখাবে না।’’ (দ্বিতীয় বিবরণ ২৫/১১-১২)

বড়ই বিস্ময়কর বিষয়! কোনো মহিলা কি কখনো এরূপ করতে পারেন? অথবা দুজন মারামারি-রত পুরুষের কাছে যেয়ে একজনের পুরুষাঙ্গ ধরার মত কোনো অবস্থা কি থাকে? আর শুধু নারী এরূপ করলে তার হাত কাটতে হবে, কিন্তু মারামারিরত পুরুষ বা অন্য কোনো পুরুষ এরূপ করলে হাত কাটতে হবে না কেন?

এই শব্দগুলো বাদ দিয়ে শালীন ও শোভন কোনো কথার মাধ্যমে কি এ নির্দেশটা আরো পূর্ণাঙ্গভাবে দেওয়া যেত না? এরূপ একটা অবাস্তব অবস্থার অবান্তর বিধান না দিয়ে সাধারণভাবেও তো বলা যেত যে, মারামারি-রত দু’জনের কাউকে যদি অন্যের স্ত্রী বা স্বজন পরাজিত বা বাধাগ্রস্ত করতে চেষ্টা করে তবে তাকে দয়া করা যাবে না!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14484

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন